

পাবলিক বিশ্ববিদ্যালয় অভিন্ন শিক্ষক নিয়োগ নীতিমালা হচ্ছে

নিজস্ব প্রতিবেদক •

দেশের সব পাবলিক বিশ্ববিদ্যালয়ের অভিন্ন শিক্ষক নিয়োগ, পদোন্নতি ও পদোন্নয়নের নীতিমালা করতে যাচ্ছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। গতকাল ইউজিসি মিলনায়তনে খসড়া নীতিমালার ওপর মতবিনিময়সভা অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি প্রফেসর ড. ফরিদউদ্দিন আহমেদ, মহাসচিব প্রফেসর ড. এএসএম মাকসুদ কামাল এবং পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষক সমিতির নেতৃবৃন্দ এতে অংশ নেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ইউজিসি চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান।

সভায় ইউজিসি চেয়ারম্যান বলেন, উচ্চশিক্ষার মানোন্নয়নের জন্য বিশ্ববিদ্যালয় পর্যায়ে যোগ্য শিক্ষক নিয়োগ অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। একটি দেশের আর্থ-সামাজিক উন্নয়ন নির্ভর করে উচ্চশিক্ষার মানোন্নয়নের ওপর। বর্তমানে পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে শিক্ষক নিয়োগের কোনো সমন্বিত নীতিমালা না থাকায় শিক্ষক-শিক্ষার্থীদের মধ্যে জ্ঞান-বিজ্ঞানে বৈষম্য পরিলক্ষিত হয়। শিক্ষক সমিতির নেতারা বলেন, বিশ্ববিদ্যালয় পর্যায়ে উচ্চশিক্ষার মান সমন্বিত রাখা এবং মেধা লালনের জন্য গ্রহণযোগ্য এবং সমন্বয়পযোগী একটি অভিন্ন নিয়োগ ও পদোন্নতি নীতিমালা সময়ের দাবি। তাদের মতে, অভিন্ন নীতিমালা হলে বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষকদের এরপর পৃষ্ঠা ৬, কলাম ৬

অভিন্ন শিক্ষক নিয়োগ

(শেষ পৃষ্ঠার পর) মধ্যে বৈষম্য দূর হবে এবং শিক্ষার মানও উন্নত হবে। নীতিমালার ওপর মতামত নেওয়ার জন্য এরপর পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যবৃন্দ এবং শিক্ষক নেতৃবৃন্দের সঙ্গে আরও আলোচনা করা হবে বলেও জানান ইউজিসি চেয়ারম্যান।

প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী সব পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য অভিন্ন নিয়োগ, পদোন্নতি ও পদোন্নয়নের নীতিমালা প্রণয়নের কাজ শুরু করে ইউজিসি। এ ছাড়া নীতিমালা প্রণয়নে সুপারিশ প্রদানের জন্য কমিশনের সদস্য প্রফেসর ড.

মোহাম্মদ ইউসুফ আলী মোল্লাকে আহ্বায়ক করে ৬ সদস্যের একটি কমিটি গঠন করা হয়। কমিটির প্রণীত খসড়া নীতিমালা নিয়ে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির প্রতিনিধিদের সঙ্গে গতকাল মতবিনিময় করে ইউজিসি।

ইউজিসি সদস্য প্রফেসর ড. দিল আফরোজা বেগম, প্রফেসর ড. মো. আখতার হোসেন, প্রফেসর ড. এম শাহ নওয়াজ আলী এবং পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট ডিভিশনের অতিরিক্ত পরিচালক ড. ফেরদৌস জামান মতবিনিময়সভায় উপস্থিত ছিলেন।